

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৪০
আগরতলা, ১৪ মার্চ, ২০১৯

আজকের উচ্চতর মাধ্যমিক
পরীক্ষা শান্তিপূর্ণ ছিলো

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবারের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার আজ ছিলো অ্যাকাউনটেন্সি / বায়োলজি / হিস্ট্রি, মাদ্রাসা ফাজিল আর্টস-এর হিস্ট্রি এবং মাদ্রাসা ফাজিল থিওলজি-এর থিওলজি বিষয়ের পরীক্ষা। রাজ্যের মোট ৫৯টি (উপকেন্দ্র সহ ৮১টি) উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিলো। আজকের এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনও পরীক্ষার্থীকে বহিষ্কার করার সংবাদ পাওয়া যায়নি। অবশ্য সব পরীক্ষাকেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ করা পর্যন্ত পাওয়া যায়নি।

আজকের পরীক্ষায় পর্ষদের সভাপতি ড. ভবতোষ সাহা রমেশ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, চন্দ্রপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয়, শান্তিরবাজার উচ্চমাধ্যমিক বিদ্যালয়, বাইখোড়া উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও জোনাইবাড়ি উচ্চমাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন। পর্ষদের উপসচিব শুভাশিস চৌধুরী শিশুবিহার উচ্চমাধ্যমিক বিদ্যালয়, উমাকান্ত একাডেমি (ইংরেজি মাধ্যম) ও বাণীবিদ্যাপীঠ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং পর্ষদের বিশেষ আধিকারিক দীপ্তানসু প্রকাশ দত্ত বড়দোয়ালি উচ্চমাধ্যমিক বিদ্যালয়, উমাকান্ত একাডেমি, নেতাজী সুভাষ বিদ্যানিকেতন পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
